গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও নৈতিকতা কমিটি"র
৪র্থ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আতিকুল হক<br>মহাপরিচালক<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা। |
| তারিখ | : | ০৮.০৬.২০২২ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ টা। |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে "জাতীয় শুদ্ধাচার" কৌশল পরিকল্পনা বাস্তবায়ন এর মুল উদ্দেশ্যই হলো প্রজাতন্ত্রের একজন সেবক হিসেবে নিজ নিজ সরকারী দায়িত্ব যথাযথভাবে স্বচ্ছতার সাথে সময়মত পালন করা। অফিসে সময়মত উপস্থিতির উপর গুরাত্তোরোপ করে তিনি বলেন প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে সরকারী নিয়ম শৃঙ্খলা অবশ্যই অনুসরণ করতে হবে।অতপর জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে "নৈতিকতা কমিটি"র ৩য় সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৪ টি সভা করার লক্ষ্যমাত্রা আছে। এ ক্ষেত্রে মোট নম্বর ৪। এ পর্যন্ত ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ৪র্থ ত্রৈমাসিকের সভা অনুষ্ঠিত হচ্ছে। | লক্ষ্যমাত্রা মোতাবেক প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক নৈতিকতা কমিটির প্রতিটি সভার সিদ্ধান্ত ৬০% হারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা আছে। এ ক্ষেত্রে মোট নম্বর ৬। | লক্ষ্যমাত্রা মোতাবেক নৈতিকতা কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করে প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২য় ও ৩য় ত্রৈমাসিকে একটি করে মোট ২ টি সভা আহবানের লক্ষ্যমাত্রা আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ইতোমধ্যে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ ক্ষেত্রে মোট নম্বর ২. | লক্ষ্যমাত্রা মোতাবেক ২টি সভার প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক ২য় ও ৩য় ত্রৈমাসিকে ৩০ জন করে মোট ৬০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে ৬০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। | প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রায় ০৪ টি কর্ম-পরিবেশ উন্নয়ন করতে হবে। এ পর্যন্ত নিম্নোক্ত ০৪টি কর্ম-পরিবেশ উন্নয়ন করা হয়েছে।<br>ক) ভবনসহ ভবনের ভিতর ও বাইরে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নকরণ।<br>খ)কোভিড-১৯ মহামারি প্রতিরোধকল্পে মাস্ক, স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও সাবান সরবরাহকরণ ও ব্যবহার নিশ্চিতকরণ।<br>গ) অকেজো গাড়ি ও মালামাল নিলামে বিক্রির ব্যবস্থাকরণ<br>এ ক্ষেত্রে মোট ২ নম্বর ধরা আছে।<br>ঘ) নথিপত্র শ্রেণিবিন্যাস করে সু-বিন্যাসকরণ করা এবং বিধিতে বিনস্টযোগ্য নথি বিনস্ট করা।<br>কর্ম-পরিবেশ উন্নয়ন এর উদ্দেশ্যে উপরোক্ত ৪টি কার্যক্রম সম্পন্ন হয়েছে। | প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা মোতাবেক ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েব সাইটে আপলোড আছে। এ ক্ষেত্রে মোট ১ নম্বর ধরা আছে। | লক্ষ্যমাত্রা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েব সাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মাঠ পর্যায়ের বা ডিআরআরও কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর প্রতি ত্রৈমাসিকে ০১ টি মোট ০৪ টি ফিডব্যাক সভা/কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। ইতোমধ্যে ৩টি হয়েছে। অদ্য ৪র্থ ত্রৈমাসিকের সভা অনুষ্ঠিত হচ্ছে। এ ক্ষেত্রে মোট ৪ নম্বর ধরা আছে। | প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৩০শে জুনের মধ্যে শুদ্ধাচার পুরস্কার করে পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা আছে। এ ক্ষেত্রে মোট ১ নম্বর ধরা আছে। | লক্ষ্যমাত্রা মোতাবেক ৪র্থ ত্রৈমাসিকের ৩১.০৫.২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার করে পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রায় ১০ই আগস্টের মধ্যে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ১০.০৮.২০২১ তারিখে বিভিন্ন প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ এ অধিদপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। এ ক্ষেত্রে মোট ২ নম্বর ধরা আছে। | অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.২ প্রকল্পের PIC সভা আয়োজন | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- | প্রমাণক যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | পরিকল্পনায় প্রতি ত্রৈমাসিকে ০৭ টি করে মোট ২৮ টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। এ ক্ষেত্রে মোট নম্বর ২। লক্ষ্যমাত্রা মোতাবেক এ পর্যন্ত মোট ২৮ টি PIC সভা অনুষ্ঠিত হয়েছে। | | (সকল) |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়ন করতে হবে মর্মে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় লক্ষ্যমাত্রা আছে। ২য় ত্রৈমাসিক পর্যন্ত ৮১.৪০ % অগ্রগতি হয়েছে। এ ক্ষেত্রে মোট নম্বর ০২। | লক্ষ্যমাত্রা মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা। | সভাপতি উল্লেখ করেন যে, এ অর্থ বছরে শুধুমাত্র ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে।<br>এ ক্ষেত্রে মোট নম্বর ০২। | প্রকল্প সমাপ্ত শেষে লক্ষ্যমাত্রা মোতাবেক প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.১ গণশুনানীর আয়োজন | উপপরিচালক (প্রশাসন-১) সভায় উল্লেখ করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে ২য় এবং ৩য় ত্রৈমাসিকে ০২ টি করে মোট ০৪ টি গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। এ পর্যন্ত ০৪ টি গণশুনানী হয়েছে। এ ক্ষেত্রে মোট নম্বর ০৪। | প্রমাণক দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.২ প্রকল্পের উপকারভোগীদের সাথে সভা | ২০২১-২০২২ অর্থ বছরে প্রকল্পের উপকারভোগীদের সাথে ২য় ত্রৈমাসিকে ০২ টি, ৩য় ত্রৈমাসিকে ০৪ টি এবং ৪র্থ ত্রৈমাসিকে ০২ টি মোট ০৮ টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। এ পর্যন্ত উপকারভোগীদের সাথে ০৮ টি সভা হয়েছে।<br>এ ক্ষেত্রে মোট নম্বর ০৪। | প্রমানক দাখিল করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৩ দুর্নীতি প্রতিরোধকরণ সচেতনতামূলক সভা | ২০২১-২০২২ অর্থ বছরে ২য় এবং ৩য় ত্রৈমাসিকে ০১ টি করে মোট ০২ টি দুর্নীতি প্রতিরোধকরণ সচেতনতামূলক সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে। এ ক্ষেত্রে মোট নম্বর ০৪। | লক্ষ্যমাত্রা মোতাবেক অনুষ্ঠিত সভার প্রমানক দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৪ সিডিউল বিক্রির অর্থ যথাযথভাবে সরকারি চালানের মাধ্যমে জমা প্রদান যাচাইকরণ | ২০২১-২০২২ অর্থ বছরে ০৮ টি উপজেলার সিডিউল বিক্রির অর্থ সরকারি চালানের মাধ্যমে জমা প্রদান যাচাইয়ের লক্ষ্যমাত্রা আছে। এ পর্যন্ত ০৮ যাচাই করা হয়েছে।। এ ক্ষেত্রে মোট নম্বর ০৪। | প্রমাণক দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৫ নির্মিত/নির্মানাধীন প্রকল্প পরিদর্শন। | ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রায় মোট ৫০ টি নির্মিত/নির্মানাধীন প্রকল্প পরিদর্শননের লক্ষ্যমাত্রা আছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে মোট নম্বর ০৪। | প্রমাণক দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোনঃ ৫ ৮৮১৫৪৯৫
ই-মেইল-dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০৬.০১৬.১৩.৮৭৯ তারিখঃ ১৫.০৬.২০২২ খ্রি.

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপপরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। প্রোগ্রামার/নির্বাহী প্রকৌশলী/সহকারী পরিচালক(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পি এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। জনাব............................................... দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পি এ টু পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

( মোঃ আমিনুল হক)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ০২-২২২২৬১৩৬০